# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

# ভূগোল প্রথম পত্র

## সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : | ১ | ২ | ৫ |

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট — পূর্ণমান — ৫০

**[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। যেকোনো ৫ টি প্রশ্নের উত্তর দাও।]**

**১.** ▶ অর্পি ন্যাশনাল জিওগ্রাফি চ্যানেলে সমুদ্রের তলদেশের উপর একটি প্রামাণ্য চিত্র দেখছিল। সে দেখল যে, সমুদ্র তলের ভূপ্রকৃতি তীরবর্তী অঞ্চল থেকে ধীরে ধীরে ঢালু হয়ে গভীর সমুদ্রে নিমজ্জিত। এমনকি সেখানে গভীর খাদও রয়েছে। পাশাপাশি রয়েছে নানান জীববৈচিত্র্য।

ক. 'সোয়াচ অব নো গ্রাউন্ড' কী? ১

খ. পানি বণ্টনে বায়ুমণ্ডল কীভাবে ভূমিকা রাখে? ২

গ. অর্পির দেখা ধীরে ধীরে ঢালু হওয়া অংশটির নাম কী? চিত্রসহ ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জীববৈচিত্র্য বঙ্গোপসাগরের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কী? মূল্যায়ন কর। ৪

**২.** ★




Teachingbd24.com

https://teachingbd24.com


ক. বনভূমি কাকে বলে? ১

খ. কোনো দেশের প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় বনভূমি থাকা প্রয়োজন কেন? ২

গ. 'অ' অঞ্চলের বনভূমি সৃষ্টির কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. 'আ' অঞ্চলের বনভূমি ব্যতিত আরও যে সকল বনভূমি বাংলাদেশে দেখা যায় তা বর্ণনা কর। ৪

৩. ▶




Teachingbd24.com


ক. সাগর কাকে বলে? ১

খ. মহীসোপান কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে অঙ্কিত চিত্রটির উপাদানসমূহ ব্যাখ্যা কর। ৩

ঘ. মানবজীবনে উদ্দীপকের চিত্রটির ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৪. ★



ক. বায়োম কী? ১

খ. ইকোসিস্টেমের উপাদানগুলো কী কী? ২

গ. চিত্রের প্রক্রিয়াটি বর্ণনা কর। ৩

ঘ. পুকুরের পানিতে জলজ উদ্ভিদ হ্রাস পেতে থাকলে ইকোসিস্টেমের কী অবস্থা হতে পারে? ব্যাখ্যা কর। ৪

**৫.▶** রাজুর বাড়ির পাশের পাহাড় থেকে একটি সরু নদী নেমে এসেছে। যেটি বৃষ্টির সময় পানির সাথে প্রচুর নুড়ি, কাঁকর, বালি নিয়ে আসে। নদীর নিচের অংশটি পলি জমে কিছু নতুন ভূমিরূপ সৃষ্টি করেছে।

ক. নদী কাকে বলে? ১

খ. বাংলাদেশে কোন গতির নদীর সংখ্যা অধিক ও কেন? ২

গ. উদ্দীপকের নদীটি নদীর কোন পর্যায়ের- উদাহরণসহ ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের নদীটি কোন শ্রেণির ভূমিরূপ গঠন করেছে? ব্যাখ্যা কর। ৪

**৬.▶** শিমু একাদশ শ্রেণির ছাত্রী। সে ভূগোল ক্লাসে বায়ুমণ্ডলের বিভিন্ন স্তর সম্পর্কে জানতে পারল। সে আরও জানতে পারল যে এগুলোর মধ্যে ক-নামক একটি স্তর ঝড়বৃষ্টি সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। খ-নামক অপর একটি স্তর সূর্যের অতিবেগুনি রশ্মির হাত থেকে পরিবেশ ও জীবমণ্ডলকে রক্ষা করে থাকে।

ক. কোন উপাদান সৌরতাপ সর্বাধিক শোষণ করে? ১

খ. চিত্রের মাধ্যমে বায়ুমণ্ডলের স্তরগুলো দেখাও। ২

গ. উদ্দীপকের ক-স্তরটির কার্যাবলি তোমার পাঠ্যপুস্তকের আলোকে বর্ণনা কর। ৩

Teachingbd24.com

ঘ. জীবের অস্তিত্ব রক্ষায় খ-স্তরটি গুরুত্বপূর্ণ-উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**৭.** ★ শফিক দীর্ঘদিন যাবৎ ইটের ভাটায় কাজ করে। মাঝে মাঝে তার বুকে ব্যথা এবং কাশি হয়। অসুস্থতার জন্য সে বেশিক্ষণ কাজ করতে পারে না। ফলে সে হাসপাতালে ভর্তি হয় এবং ডাক্তার তাকে ইটের কাজ ছাড়ার পরামর্শ দেন।

ক. বায়ুদূষণ বলতে কী বোঝ? ১

খ. বিশ্ব উষ্ণায়নে কার্বন ডাইঅক্সাইড ($CO_2$) গ্যাসের বিশেষ ভূমিকা রয়েছে- ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে শফিক কী কারণে অসুস্থ হয়ে পড়েছিল তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে এরূপ অবস্থা রোধে কী কী পদক্ষেপ নিতে হবে তা বিশ্লেষণ কর। ৪

**৮.** ▶ রুমির গ্রামের বাড়ি রংপুর। সে পড়ার টেবিলে পড়াশোনায় ব্যস্ত। হঠাৎ সে টেবিলে একটি ঝাঁকুনি অনুভব করল। সে দেখল তার ঘরের ঝুলন্ত বস্তুগুলো এদিক ওদিক দুলছে। সে আরো লক্ষ করল বাহিরে ভীত সন্ত্রস্ত লোকজন ছোটাছুটি করছে এবং পার্শ্ববর্তী একটি উঁচু ভবন হেলে পড়ছে।

ক. ভূমিকম্প কী? ১

খ. সুনামি কোন অঞ্চলে আঘাত হানে এবং কোথায় উৎপত্তি হয়? ২

গ. উদ্দীপকের রুমি যে পরিস্থিতি দেখতে পেল তার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. উল্লেখিত ঘটনাটি ঢাকা শহরে ঘটলে কী ধরনের বিপর্যয় দেখা দিতে পারে বলে তুমি মনে কর। ব্যাখ্যা কর। ৪

Teachingbd24.com

**বিষয় : ভূগোল: প্রথম পত্র**

বিষয় কোড : | ১ | ২ | ৫ |

সময় — ২৫ মিনিট


**বহুনির্বাচনি অভীক্ষা**

পূর্ণমান — ২৫

[দ্রষ্টব্য: সৈর্বাচনিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. ভূমধ্যসাগরীয় জলবায়ু অঞ্চল কত ডিগ্রি অক্ষাংশে অবস্থিত?
ক) ৩০°-৩৫°
খ) ৩০°-৪৫°
গ) ৩৫°-৪০°
ঘ) ৩০°-৪০°

**নিচের উদ্দীপকটি দেখ এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও:**



২. চিত্রটিতে কি ধরনের ভূমিরূপ নির্দেশ করছে?
ক) মহাদেশীয় মালভূমি
খ) পর্বত মধ্যবর্তী মালভূমি
গ) পাদদেশীয় মালভূমি
ঘ) পাতাগোনিয়া মালভূমি

৩. উক্ত ভূমিরূপের উদাহরণ হল —
i. তারিম মালভূমি
ii. কলোরাডো মালভূমি
iii. উপত্যকা মালভূমি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪. পানি চক্রের অপর নাম কি?
ক) অক্সিজেন চক্র
খ) হাইড্রোলজিক চক্র
গ) নাইট্রোজেন চক্র
ঘ) কার্বন চক্র

৫. একটি মূল স্রোত থেকে আর একটি স্রোতের সৃষ্টি কি কারণে হয়?
ক) স্থলভাগের অবস্থান
খ) সমুদ্রের লবণাক্ততা
গ) বাষ্পীভবনের তারতম্য
ঘ) বায়ু চাপ

৬. দক্ষিণ আটলান্টিক মহাসাগরীয় স্রোত হলো—
i. সুমেরু স্রোত
ii. ফকল্যান্ড স্রোত
iii. ব্রাজিল স্রোত
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:**

আরিফের মামা বাড়ি বাংলাদেশের উপকূলীয় অঞ্চলের একটি বনের নিকটে অবস্থিত এবং সেখানে প্রতি দিন জোয়ার-ভাটা হয়ে থাকে।

৭. উপকূলীয় অঞ্চলের বনটি কোন ধরনের বন?
ক) স্রোতজ বন
খ) ক্রান্তীয় চিরহরিৎ বন
গ) চির হরিৎ পত্রযুক্ত বন
ঘ) ক্রান্তীয় পতনশীল বন

৮. জোয়ার ভাটার কারণে বনে —
i. লবণাক্ততা বেশি হয়
ii. স্রোত বিদ্যমান থাকে
iii. বৃষ্টিপাত হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৯. ভাওয়ালের বনভূমি কোন জেলায় অবস্থিত?
ক) নরসিংদী খ) ঢাকা
গ) গাজীপুর ঘ) ময়মনসিংহ

১০. ভূগোলের যাত্রা শুরু —
ক) গ্রিক যুগে খ) রোমান যুগে
গ) মিশরীয় ঘ) মুসলিম যুগে

১১. ভূগোলবিদ হামবোল্ট কোন দেশের নাগরিক?
ক) জার্মানি খ) ফ্রান্স
গ) জাপান ঘ) চিলি

১২. পানি সূর্যের তাপে বাষ্পীভূত হয়ে কোথায় প্রবেশ করে?
ক) জীব মণ্ডলে খ) আকাশ মণ্ডলে
গ) বারি মণ্ডলে ঘ) বায়ু মণ্ডলে

Teachingbd24.com

১৩. প্রাকৃতিক ভূগোলের উপাদান কোনটি?

ক) মানুষ　　খ) নগর

গ) সমাজ　　ঘ) গ্রাম

১৪. প্রাকৃতিক ভূগোলের উপাদান কোনটি?

ক) শিল্পায়ন　　খ) পানি চক্র

গ) বসতি

ঘ) অর্থনৈতিক কর্ম কাণ্ড

১৫. কোন মেঘ থেকে বৃষ্টিপাত হয়?

ক) কিউমুলাস　　খ) কিউমুলোনিম্বাস

গ) অলটোস্ট্রাটাস　　ঘ) অলটোকিমুলাস

নিচের উদ্দীপকের আলোকে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:

একাদশ শ্রেণির ভূগোল ক্লাসে স্যার বললেন একটি মহাসাগরের দুইপাশে চারটি মহাদেশ রয়েছে।

১৬. উদ্দীপকে ইঙ্গিত পূর্ণ মহাসাগর কোনটি?

ক) প্রশান্ত　　খ) আটলান্টিক

গ) ভারত　　ঘ) সুমেরু মহাসাগর

১৭. উদ্দীপকে উল্লেখিত মহাসাগরের গভীরতম খাতগুলো হলো —

i. পোর্টোরিকো খাত

ii. ম্যারিয়ানা খাত

iii. রোমানস খাত

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii　　খ) i ও iii

গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

১৮. বঙ্গোপসাগরের পূর্বে অবস্থিত কোনটি?

ক) বাংলাদেশ　　খ) ভারত

গ) মিয়ানমার　　ঘ) শ্রীলংকা

১৯. পৃথিবীর ধীর পরিবর্তনের দ্বারা গঠিত ভূমিরূপ হলো—

i. পর্বত

ii. মালভূমি

iii. সমভূমি

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii　　খ) i ও iii

গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

২০. সমভূমি অঞ্চলে নদী উপত্যকা—

i. প্রশস্ত হয়

ii. গভীর হয়

iii. সংকীর্ণ হয়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii　　খ) i ও iii

গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

২১. বায়ুতে কার্বন ডাইঅক্সাইডের পরিমাণ শতকরা কত ভাগ?

ক) ০.৯৩　　খ) ০.০৩৫

গ) ০.০০৫　　ঘ) ০০.০০৬

২২. জলাভূমিতে কোন দূষক পদার্থটি সৃষ্টি হয়?

ক) ক্রিপটন　　খ) জেনন

গ) আর্গন　　ঘ) মিথেন

নিচের চিত্রটি পর্যবেক্ষণ কর এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও:



২৩. চিত্রটিতে কোন প্রকারের বৃষ্টিপাত সংঘটিত হচ্ছে?

ক) পরিচলন

খ) শৈলোৎক্ষেপ

গ) ঘূর্ণিবাত

ঘ) সংঘর্ষ

২৪. পাহাড়ের অপর ঢালে বৃষ্টিপাত না হওয়ার কারণ—

i. বায়ুতে জলীয় বাষ্পের অভাব

ii. বায়ুতে উষ্ণতা কম

iii. বায়ুতে জলীয় বাষ্প বৃদ্ধি পাওয়ার

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii　　খ) i ও iii

গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

২৫. কোন পর্বত গম্বুজ আকৃতি হয়?

ক) ভঙ্গিল পর্বত

খ) স্তূপ পর্বত

গ) আগ্নেয় পর্বত

ঘ) ল্যাকোলিথ পর্বত

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | গ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | গ | ৭ | ক | ৮ | ক | ৯ | গ | ১০ | ক | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ক |
| | ১৪ | খ | ১৫ | খ | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ঘ | | |

https://teachingbd24.com